[১.১] ৩

জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমী
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
বগুড়া, বাংলাদেশ।
www.nactar.gov.bd

স্মারক নং-৫৭.২১.০০০০.০০৩.১৭.০০৪.২২. ৭২৭ তারিখ: ১১/০৪/২০২৩ খ্রি.

**নৈতিকতা কমিটির ৪র্থ সভার নোটিস**

জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমী (নেকটার) এর নৈতিকতা কমিটির সভা আগামী ১২ এপ্রিল, ২০২৩ খ্রি. তারিখ দুপুর ১২.০০ ঘটিকায় পরিচালক মহোদয়ের সভাপতিত্বে তার কক্ষে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**সভার আলোচ্যসূচি:**

১। শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে আলোচনা।
২। কর্মকর্তা-কর্মচারীদের নিয়ে ১ দিনের শুদ্ধাচার বিষয়ক প্রশিক্ষণের আলোচনা।
৩। টিওএন্ডইভূক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ বিষয়ে আলোচনা।
৪। কর্মকর্তা-কর্মচারীদের নিয়ে দুর্নীতি বিষয়ক ১ দিনের কর্মশালার আয়োজন বিষয়ে আলোচনা।
৫। ৩য় ত্রৈমাসিক প্রতিবেদন যথাসময়ে প্রেরণ প্রসঙ্গে।
৬। বিবিধ।

১১/৪/২৩
(মুহাম্মদ মাহমুদুর রহমান)
উপপরিচালক (চ: দা:) ও
ফোকাল পয়েন্ট কর্মকর্তা
নেকটার, বগুড়া।
০২৫৮৮১৩৪৫২ (অফিস)
E-mail: director@nactar.gov.bd

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে:

১। জনাব মো: আবু মুছা, সিনিয়র প্রশিক্ষক (আইসিটি), নেকটার, বগুড়া।
২। জনাব নকিব আমান, গবেষণা সমন্বয়কারী, নেকটার, বগুড়া।
৩। জনাব মোঃ জয়নাল আবেদীন, সহকারী ইন্সট্রাক্টর ও ভারপ্রাপ্ত কর্মকর্তা (প্রশিক্ষণ), নেকটার, বগুড়া।
৪। জনাব এস এম রায়হান, সহকারী প্রকৌশলী (কম্পিউটার), নেকটার, বগুড়া।
৫। পরিচালকের মহোদয়ের ব্যক্তিগত সহকারী, নেকটার, বগুড়া। পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।

জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমী
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
বগুড়া, বাংলাদেশ।
www.nactar.gov.bd

## নৈতিকতা কমিটির সভায় উপস্থিত কর্মকর্তাগণের হাজিরা সিট:

স্থান: পরিচালকের কক্ষ তারিখ: ১২/০৪/২০২৩ খ্রি. সময়: দুপুর ১২.০০ ঘটিকা

| ক্রম | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১। | জনাব মুহাম্মদ মাহমুদুর রহমান | উপ-পরিচালক (চ: দা:) | ১২/৪/২৩ |
| ০২। | জনাব মো: আবু মুছা | সিনিয়র প্রশিক্ষক আইসিটি | 12/04/23 |
| ০৩। | জনাব নকিব আমান | গবেষণা সমন্বয়কারী | 12.04.23 |
| ০৪। | জনাব মো: জয়নাল আবেদীন | সহকারী ইন্সট্রাক্টর ও (ভা: কর্মকর্তা প্রশি: বিভাগ) | ১২/০৪/২৩ |
| ০৫। | জনাব এস এম রায়হান | সহকারী প্রকৌশলী (কম্পিউটার) | Raihan 12.04.23 |

(৫)

জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমী
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
বগুড়া, বাংলাদেশ।
www.nactar.gov.bd

বিষয় : নৈতিকতা কমিটির ৪র্থ সভার কার্যবিবরণী।
সভাপতি : মো: শাফিউল ইসলাম, পরিচালক (উপসচিব), নেকটার, বগুড়া।
তারিখ : ১২ এপ্রিল, ২০২৩ খ্রি.
সময় : দুপুর ১২.০০ ঘটিকায়
স্থান : পরিচালক মহোদয়ের কক্ষ, নেকটার, বগুড়া।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর সভাপতির অনুমতিক্রমে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন ফোকাল পয়েন্ট কর্মকর্তা মুহাম্মদ মাহমুদুর রহমান, উপপরিচালক (চ:দা:) সভার প্রেক্ষাপট তুলে ধরে বিগত সভার সিদ্ধান্তসমূহ সঠিকভাবে বাস্তবায়ন করা হয়েছে বলে সভাকে অবহিত করেন।

২। ২০২২-২৩ অর্থবছরের ৪র্থ কোয়াটারের শুদ্ধাচার কর্মপরিকল্পনার কার্যক্রমভিত্তিক নিম্নরুপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম | বিষয় | আলোচনা | গৃহিত সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১। | শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি ও ৪র্থ ত্রৈমাসিক প্রতিবেদন যথাসময়ে প্রেরণ। | নেকটার, বগুড়া'র ২০২২-২৩ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ৪র্থ ত্রৈমাসিকের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয়। এছাড়া নির্ধারিত সময়ে ওয়েবসাইটে আপলোড করা এবং টিএমইডিতে প্রেরণের বিষয়ে আলোচনা করা হয়। | ২০২২-২৩ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ৪র্থ ত্রৈমাসিকের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন আগামী ০৬/০৭/২০২৩ খ্রি. তারিখের মধ্যে ওয়েবসাইটে আপলোডসহ টিএমইডিতে প্রেরণ করতে হবে। | উপপরিচালক |
| ২। | কর্মকর্তা-কর্মচারীদের নিয়ে শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণের আয়োজন। | আগামী ১০/০৬/২০২৩ খ্রি. তারিখের মধ্যে কর্মকর্তা-কর্মচারীদের শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণের আয়োজন করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | আগামী ১০ জুন, ২০২৩ খ্রি. তারিখের মধ্যে শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণের আয়োজন করতে হবে। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| ৩। | টিওএন্ডইভূক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ সংক্রান্ত | নেকটার, বগুড়ার এর প্রশিক্ষণ ও দাপ্তরিক কাজে ব্যবহৃত বিভিন্ন অকেজো ও ব্যবহার অযোগ্য আসবাবপত্র ও মেশিনারিজসহ অন্যান্য মালামাল অকেজো ঘোষণা করে নিলামে বিক্রয়ের লক্ষ্যে ০৫ সদস্যের কমিটি গঠন করা হয়। | কমিটি আগামী ২৯/০৬/২০২৩ খ্রি. তারিখের মধ্যে নিলাম কার্য সম্পন্ন করে প্রতিবেদন পরিচালক বরাবর জমা প্রদান করার সিদ্ধান্ত গৃহিত হয়। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| ৪। | কর্মকর্তা-কর্মচারীদের নিয়ে ১ দিনের দুর্নীতি বিরোধী কর্মশালার আয়োজন। | আগামী ৩১/০৫/২০২৩ খ্রি. তারিখের মধ্যে কর্মকর্তা-কর্মচারীদের নিয়ে ১ দিনের দুর্নীতি বিরোধী কর্মশালা আয়োজন সংক্রান্ত বিষয়ে আলোচনা করা হয়। | আগামী ২৫ মে, ২০২৩ খ্রি. তারিখের মধ্যে দুর্নীতি বিরোধী কর্মশালার আয়োজন করতে হবে। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মো: শাফিউল ইসলাম)
পরিচালক (উপসচিব)
ও
সভাপতি, নৈতিকতা কমিটি
নেকটার, বগুড়া।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে:

১। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২। জনাব মুহাম্মদ মাহমুদুর রহমান, উপপরিচালক (চ:দা:), নেকটার, বগুড়া।
৩। জনাব মোঃ আবু মুছা, সিনিয়র প্রশিক্ষক (আইসিটি), নেকটার, বগুড়া।
৪। জনাব নকিব আমান, গবেষণা সমন্বয়কারী, নেকটার, বগুড়া।
৫। জনাব মো: জয়নাল আবেদীন, ভার: প্রাপ্ত কর্মকর্তা (প্রশিক্ষণ বিভাগ), নেকটার, বগুড়া।
৬। জনাব এস এম রায়হান, সহকারী প্রকৌশলী (কম্পিউটার), নেকটার, বগুড়া